দৈনিক ইনকিলাব

৬৬৭

তারিখ ... AUG. 24 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

# ২০ সেপ্টেম্বরের মধ্যে সরকারী কলেজ শিক্ষক পরিষদের দাবী মেনে নেয়ার আহ্বান

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের কেন্দ্রীয় নির্বাহী কাউন্সিলের সভা গত ২০ আগস্ট দিনব্যাপী ঢাকাস্থ সরকারী সোহরাওয়ার্দী কলেজে পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ আলী আকবর খান ডলারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কতিপয় নেতার মামলার কারণে শিক্ষা ক্যাডারে অনির্দিষ্টকালের জন্য পদোন্নতি বন্ধ থাকায় তীব্র ক্ষোভ ও নিন্দা প্রকাশ করা হয়। সভায় শিক্ষা সচিব ও মাউশি'র মহাপরিচালককে মামলাগুলো অতিদ্রুত নিষ্পত্তি করার অনুরোধ জানিয়ে শিক্ষা ক্যাডারে ক্যাডার ও ননক্যাডার দ্বন্দ্ব সৃষ্টি করে বিভাজন তৈরী না করার জন্য আহ্বান জানানো হয়। সভায় বলা হয়, ৮৩ জন আত্তীকৃত শিক্ষককে ক্যাডার বহির্ভূত পদে স্থায়ী করা হয়েছে। আগামী ২০ সেপ্টেম্বরের মধ্যে সংশোধনী এনে তাদের শিক্ষা ক্যাডারে স্থায়ীকরণ না করলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী দেয়া হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ১৮টি জাতীয়কৃত মহিলা কলেজের শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের অতিদ্রুত নিয়োগ প্রদান ইফেকটিভ সার্ভিসের ভিত্তিতে ৪১০০ টাকার স্কেলপ্রাপ্তদের টাকা ফেরত দানের হয়রানিমূলক নির্দেশ বাতিল করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবী জানানো হয় এবং যে সকল প্রভাষকের চাকরি ১৯৯৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ৫ বছর পূর্ণ হয়েছে, তাদেরকে বিভাগীয় পরীক্ষা থেকে অব্যাহতি দিয়ে পদোন্নতি প্রদান এবং ইফেকটিভ সার্ভিস গণনা করে ৪১০০ টাকার স্কেল প্রদান করার জন্য জোর দাবী জানিয়েছেন।